'কৃষিই সমৃদ্ধি'

Government of the People's Republic of Bangladesh
Project Implementation Unit (PIU)
National Agricultural Technology Programe- Phase II Project (NATP-2)
Department of Agricultural Extension (DAE)
Khamarbari, Farmgate, Dhaka-1215

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II
প্রজেক্ট (এনএটিপি-২)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০১.০০০০.০০০.৩৬.১০১.১৭ - ২২৬৪ (৫৬)

তারিখ: ৩০/১০/২০১৮ খ্রি:

প্রাপক

উপজেলা কৃষি কর্মকর্তা
............................................ উপজেলা (২১)
............................................ জেলা।

**বিষয়: সিআইজি দাখিলকৃত অনুমোদিত উপ-প্রকল্পসমূহের অনুকূলে মঞ্জুরীকৃত এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বিতরণ।**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিগত ০৪.০২.২০১৮ খ্রিঃ তারিখে জারীকৃত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আপনার উপজেলা হতে সিআইজি দাখিলকৃত এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্পসমূহের মধ্য হতে অনুমোদিত উপ-প্রকল্পের তালিকা ও বিবরণ, ম্যাচিং গ্রান্ট বিতরণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত নির্দেশিকা এবং উপ-প্রকল্পভিত্তিক ম্যাচিং গ্রান্ট বাবদ অর্থের বরাদ্দ পত্র অত্র সঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্ত নির্দেশিকা এবং পিআইইউ-এনএটিপি২-ডিএই প্রকাশিত প্রকাশনা নং ১২ **"এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড ম্যানুয়্যাল-এআইএফ ২ অপারেশনাল গাইডলাইন"** যথাযথভাবে অনুসরণপূর্বক অনুমোদিত উপ-প্রকল্পসমূহ সাফল্যজনকভাবে বাস্তবায়নের সার্বিক প্রক্রিয়া সম্পন্ন করে **আগামী ১০.১২.২০১৮ তারিখের মধ্যে** নিম্নস্বাক্ষরকারী বরাবরে উপ-প্রকল্পভিত্তিক সংশ্লিষ্ট সকল রেকর্ড/কাগজ-পত্রাদিসহ বরাদ্দকৃত **অর্থ ছাড়করণের অনুরোধ পত্র প্রেরণের জন্য** নির্দেশনা প্রদান করা হলো।

**এতদ্বিষয়ে সংযুক্ত নির্দেশিকার ৪(৭) এবং ৪(৯) নং অনুচ্ছেদের প্রতি আপনার বিশেষ দৃষ্টি নিবদ্ধ করা যাচ্ছে।**

**অনুচ্ছেদ নং: ৪(৭):** তিনটি মূল্যোদ্ধৃতি (Quotation)সংগ্রহের পর সিআইজি পণ্যাদির মূল্য সম্বন্ধে উপজেলা কৃষি কর্মকর্তাকে অবহিত করবে। উপজেলা কৃষি কর্মকর্তা তখন বাজার যাচাইয়ের মাধ্যমে কোটেশনে উদ্ধৃত মূল্যের যথার্থতা পরীক্ষা করবেন। উদ্ধৃত মূল্য বাজার মূল্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হলে উপজেলা কৃষি কর্মকর্তা গ্রান্ট গ্রহণকারী সিআইজি-কে ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণের বিষয়ে অবহিত করবেন।

**অনুচ্ছেদ নং ৪(৯): (গ্রান্টের অর্থ ছাড়করণ ও বিল প্রদান সংক্রান্ত)**- সিআইজি কোটেশনের ভিত্তিতে পণ্যাদি ক্রয় সংক্রান্ত তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় সকল রেকর্ড/কাগজ-পত্রাদিসহ উপজেলা কৃষি কর্মকর্তার নিকট দাখিল করবে। দাখিলকৃত বিবরণী ও রেকর্ড/কাগজ-পত্রাদির ভিত্তিতে উপজেলা কৃষি কর্মকর্তা- **"ক্রয় কার্য সিআইজি'র বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে"**- মর্মে প্রত্যয়ন পত্র প্রদানপূর্বক প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট সকল রেকর্ড/কাগজ-পত্রাদিসহ (সত্যায়িত অনুলিপি) পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ), ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), ডিএই, খামারবাড়ি, ঢাকা বরাবরে অর্থ ছাড়করণের জন্য অনুরোধ পত্র প্রেরণ করবেন। প্রেরিত তুলনামূলক বিবরণী, রেকর্ড/কাগজ-পত্রাদি ও প্রত্যয়ন পত্রের ভিত্তিতে পরিচালক, পিআইইউ-এনএটিপি২, ডিএই উপজেলা কৃষি কর্মকর্তার একাউন্টে অনুমোদিত অর্থ ছাড় করবেন।

এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট এনএটিপি-২ প্রকল্পের একটি বিশেষ ও ইনোভেটিক কার্যক্রম। সুতরাং এ কার্যক্রমের আওতায় অনুমোদিত উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ন এবং পরবর্তীতে অধিকতর উপ-প্রকল্প দাখিলে সক্রিয় ভূমিকা পালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণানামতে ৬ (ছয়) পাতা।

৩০.১০.২০১৮

(ড. রতন চন্দ্র দে)
পরিচালক

সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
৪. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. পরিচালক; পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................................ অঞ্চল (১১)।
৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................................ জেলা (১৩)।
৮. জনাব ................................................................................
এডি (পিএফএমও)/ডিডি (ওএমই)/এডিডি (এফএমপি), পিআইইউ- এনএটিপি ২-ডিএই, খামারবাড়ি, ঢাকা (৬)।

## ২০১৮-১৯ অর্থ বছরে এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট সিআইজি প্রস্তাবনার অনুকূলে অনুমোদিত উপ-প্রকল্পসমূহের তালিকা ও বিবরণ (১ম দফা)

| ক্র/ নং | সিআইজি'র নাম | উপজেলা/ জেলা | উপ-প্রকল্পের শিরোনাম | বাজেট আইটেম | উপ-প্রকল্পের মোট মূল্যমান ও শেয়ার (টাকা) | | | উপ-প্রকল্প দাখিলের তারিখে সিআইজি'র ব্যাংকে সঞ্চয় (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | উপ-প্রকল্পের মূল্যমান | ম্যাচিং গ্রান্ট ৭০% (সর্বোচ্চ) | সিআইজি'র ন্যূনতম শেয়ার | |
| ১ | দাইন্যা শিবরাম পুরুষ সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | সদর, টাঙ্গাইল | পাওয়ার টিলার ক্রয় ও ব্যবহারের মাধ্যমে খামার যান্ত্রিকীকরণ ও ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প | পাওয়ার টিলার- ১টি | ১,৩০,০০০/- | ৯১,০০০/- | ৩৯,০০০/- | ৪০,৯৫১/- |
| ২ | বরইকান্দা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | গৌরীপুর, ময়মনসিংহ | বরইকান্দা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতির উন্নয়ন কল্পে যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, রিপার- ১টি, পাওয়ার থ্রেসার- ২টি, হ্যান্ড স্প্রেয়ার- ৫টি | ৪,৮৫,৫০০/- | ৩,৩৯,৫০০/- | ১,৪৫,৫০০/- | ১,৬৭,৪৯০/- |
| ৩ | নোয়াগাঁও পুরুষ সিআইজি সমবায় সমিতি লিঃ | দাউদকান্দি, কুমিল্লা | নোয়াগাঁও পুরুষ সিআইজি সমবায় সমিতি লিমিটেড এর সদস্যদের ফসল উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে পাওয়ার টিলার ক্রয় উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ১টি | ১,৩০,০০০/- | ৯১,০০০/- | ৩৯,০০০/- | ১,৮৯,০০০/- |
| ৪ | হাসানপুর মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | দাউদকান্দি, কুমিল্লা | হাসানপুর মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড এর সদস্যদের কৃষি পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে পণ্যবাহী পিক-আপ ক্রয় উপ-প্রকল্প | পণ্যবাহী পিক-আপ- ১টি | ৫,৫৩,০০০/- | ৩,৮৭,১০০/- | ১,৬৫,৯০০/- | ১,৬৭,৬৭৯/- |
| ৫ | নুরপুর পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | দাউদকান্দি, কুমিল্লা | নুরপুর পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ এর সদস্যদের কৃষি পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে পণ্যবাহী পিক-আপ ক্রয় উপ-প্রকল্প | পণ্যবাহী পিক-আপ- ১টি | ৫,৫৩,০০০/- | ৩,৮৭,১০০/- | ১,৬৫,৯০০/- | ১,৮০,৮৬৪/- |
| ৬ | দক্ষিণ ওয়াহেদপুর পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | মীরসরাই, চট্টগ্রাম | কৃষিজাত পণ্য পরিবহণ ও বাজারজাতকরণ উপযোগী পণ্যবাহী গাড়ি ক্রয় প্রকল্প | মিনি পিক-আপ- ১টি | ৫,৬০,০০০/- | ৩,৮৭,০০০/- | ১,৭৩,০০০/- | ১,৭৫,১৩৯/- |
| ৭ | সতীঘর মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | দঃ সুরমা, সিলেট | সতীঘর নিরাপদ সবজি উৎপাদন ও বাজারজাতকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, এলএলপি-১টি, হ্যান্ড পাওয়ার টিলার-১টি, প্লাস্টিক ক্র্যাট- ৫০টি, হ্যান্ড স্প্রেয়ার-২টি, প্যাকেজিং মেশিন- ১টি | ২,৮৭,০০০/- | ২,০০,৯০০/- | ৮৬,১০০/- | ১,১০,১২৭/- |
| ৮ | চিরসবুজ নৈখাই কোনারচর মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | দঃ সুরমা, সিলেট | চিরসবুজ নিরাপদ সবজি উৎপাদন ও বাজারজাতকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, এলএলপি- ১টি, হ্যান্ড পাওয়ার টিলার- ১টি, প্লাস্টিক ক্র্যাট- ৫০টি, হ্যান্ড স্প্রেয়ার- ২টি | ২,৬৪,০০০/- | ১,৮৪,৮০০/- | ৭৯,২০০/- | ১,০৬,৮৯৬/- |
| ৯ | মোল্লারগাঁও সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | দঃ সুরমা, সিলেট | মোল্লারগাঁও সিআইজি (ফসল) সমবায় সমিতি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | রিপার- ১টি, পাওয়ার টিলার- ১টি, থ্রেসার ৩০ এসপি- ১টি, এলএলপি- ১টি, হ্যান্ড স্প্রেয়ার- ১টি | ৪,৮৩,৫০০/- | ৩,৩৮,৪৫০/- | ১,৪৫,০৫০/- | ১,৬৪,৩৩৭/- |
| ১০ | শেখপাড়া সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | দঃ সুরমা, সিলেট | শেখপাড়া সিআইজি উন্নতমানের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিপণন প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, প্যাকেজিং মেশিন- ১টি, এলএলপি (আলিম ৪ এইচ পি, ২০৫ ইঞ্চি)- ১টি, বীজ সংরক্ষণ পাত্র (বড় প্রাস্টিক ড্রাম)- ৩০টি, হ্যান্ড স্প্রেয়ার- ২টি | ২,১২,০০০/- | ১,৪৮,৪০০/- | ৬৩,৬০০/- | ১,০৭,২৯৪/- |
| ১১ | আলমদ্বীন সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | দঃ সুরমা, সিলেট | আলমদ্বীন সিআইজি যান্ত্রিকীকরণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও সরিষা প্রক্রিয়াকরণ উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, ধান মাড়াই কল (ঝাড়াইসহ)- ১টি, হ্যান্ড পাওয়ার টিলার- ১টি, এলএলপি- ১টি, সরিষা ভাঙ্গানো মেশিন (হেভি বডি)- ১টি, প্যাকেজিং মেশিন- ১টি | ৪,২৫,০০০/- | ২,৯৭,৫০০/- | ১,২৭,৫০০/- | ১,৫১,৩৮০/- |

| ক্র/ নং | সিআইজি'র নাম | উপজেলা/ জেলা | উপ-প্রকল্পের শিরোনাম | বাজেট আইটেম | উপ-প্রকল্পের মোট মূল্যমান ও শেয়ার (টাকা) | | | উপ-প্রকল্প দাখিলের তারিখে সিআইজি'র ব্যাংকে সঞ্চয় (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | উপ-প্রকল্পের মূল্যমান | ম্যাচিং গ্রান্ট ৭০% (সর্বোচ্চ) | সিআইজি 'র ন্যূনতম শেয়ার | |
| ১২ | সুদরপুর সিআইজি ফসল সমবায় সমিতি লিমিটেড | বিয়ানী বাজার সিলেট | পাওয়ার টিলার ব্যবহারের মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণে উদ্বুদ্ধকরণ ও সিআইজি'র আয় বৃদ্ধি উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ১টি | ১,৩৫,০০০/- | ৯৪,৫০০/- | ৪০,৫০০/- | ৭৩,৫০০/- |
| ১৩ | দক্ষিণভাগ সিআইজি পুরুষ (ফসল) সমবায় সমিতি লিঃ | গোলাপগঞ্জ, সিলেট | দক্ষিণভাগ সিআইজি সমিতির খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | হ্যান্ড টিলার- ৩টি, পাওয়ার পাম্প (৪ এইচপি)- ২টি, পাওয়ার টিলার- ১টি, অটো মাড়াই কল ৪২ ইঞ্চি (১৬ এইচপি)- ১টি | ৫,১১,০৯০/- | ৩,৫৭,৭৬৩/- | ১,৫৩,৩২৭/- | ১,৭১,০০৪/- |
| ১৪ | যাদবপুর সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | মিঠাপুকুর, রংপুর | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি ও উৎপাদিত পণ্য পরিবহণের লক্ষ্যে যাদবপুর সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ এর কৃষি যন্ত্রপাতি ক্রয়করণ প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, ব্যাক ডালা/ট্রলি- ১টি, ধান মাড়াই যন্ত্র- ১টি, ভুট্টা মাড়াই যন্ত্র- ১টি | ৪,০৫,০০০/- | ২,৮৩,৫০০/- | ১,২১,৫০০/- | ২,৬৭,৯৮২/- |
| ১৫ | পূর্ব বড়বালা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | মিঠাপুকুর, রংপুর | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পূর্ব বড়বালা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতির কৃষি যন্ত্রপাতি ক্রয় উপ-প্রকল্প | পাওয়ার টিলার অপারেটর সিডার- ১টি, মাড়াই যন্ত্র (ধান)- ১টি, মাড়াই যন্ত্র (ভুট্টা)- ১টি, রিপার- ১টি | ৫,৩৫,০০০/- | ৩,৭৪,৫০০/- | ১,৬০,৫০০/- | ১,৭৩,০০২/- |
| ১৬ | গিরাই সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | মিঠাপুকুর, রংপুর | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গিরাই সিআইজি ফসল সমবায় সমিতির কৃষি যন্ত্রপাতি ক্রয় উপ-প্রকল্প | পাওয়ার টিলার অপারেটর সিডার- ১টি, কর্তন যন্ত্র- ১টি, মাড়াই যন্ত্র (ধান)- ১টি, মাড়াই যন্ত্র- (ভুট্টা)- ১টি | ৫,৪৫,০০০/- | ৩,৮১,৫০০/- | ১,৬৩,৫০০/- | ২,০৩,৯১৩/- |
| ১৭ | জয়রামপুর আনোয়ার কালিগঞ্জপাড়া সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | মিঠাপুকুর, রংপুর | কৃষক পর্যায়ে ভার্মি কম্পোস্ট উৎপাদন ও বাজারজাতকরণের লক্ষ্যে জয়রামপুর আনোয়ার কালিগঞ্জপাড়া সিআইজি ফসল সমবায় সমবায় সমিতির উৎপাদন কারখানা নির্মাণ উপ-প্রকল্প | রিং- ২০০টি, সেলাই/সিলিং মেশিন- ১টি, ওজন মেশিন-১টি, সেড নির্মাণ | ৩,৫১,০০০/- | ২,৪৫,৭০০/- | ১,০৫,৩০০/- | ১,৭৫,৯০৭/- |
| ১৮ | বৈরাগীর কুঠি সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | মিঠাপুকুর, রংপুর | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বৈরাগীর কুঠি সিআইজি সমবায় সমিতির কৃষি যন্ত্রপাতি ক্রয় উপ-প্রকল্প | (পাওয়ার টিলার অপারেটর সিডার- ১টি, মাড়াই যন্ত্র (ধান)- ১টি, মাড়াই যন্ত্র (ভুট্টা)- ১টি, স্প্রে মেশিন- ২০টি) | ৪,৬০,০০০/- | ৩,২২,০০০/- | ১,৩৮,০০০/- | ১,৬৯,৪২২/- |
| ১৯ | মাঝগ্রাম সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | মিঠাপুকুর, রংপুর | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাঝগ্রাম সিআইজি সমবায় সমিতির কৃষি যন্ত্রপাতি ক্রয় উপ-প্রকল্প | পাওয়ার টিলার অপারেটর সিডার- ১টি, কর্তন যন্ত্র- ১টি, ধান মাড়াই যন্ত্র- ১টি, স্প্রে মেশিন- ২০টি | ৫,০৫,০০০/- | ৩,৫৩,৫০০/- | ১,৫১,৫০০/- | ১,৭১,৫২৪/- |
| ২০ | আরাজী যুগীর ঘোপা পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | খানসামা, দিনাজপুর | ফসল সংগ্রহ ব্যবস্থা যান্ত্রিকীকরণের মাধ্যমে অপচয় ও ব্যয় হ্রাসকরণ উপ-প্রকল্প | ধান ও গম মাড়াই যন্ত্র- ১টি, ভুট্টা মাড়াই যন্ত্র- ১টি | ২,৪০,০০০/- | ১,৬৮,০০০/- | ৭২,০০০/- | ২,১৮,২৩৮/- |
| ২১ | ত্রিশুলিয়া সিআইজি মহিলা (ফসল) সমবায় সমিতি | আটোয়ারী, পঞ্চগড় | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে সিআইজি সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, রিপার- ১টি, পাওয়ার থ্রেসার- ১টি | ৪,২৫,০০০/- | ২,৯৭,৫০০/- | ১,২৭,৫০০/- | ১,২৭,৬০৪/- |
| ২২ | বেলগাছি সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | লালপুর, নাটোর | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কম খরচে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, ফুট পাম্প-২টি | ১,৪১,০০০/- | ৯৮,৭০০/- | ৪২,৩০০/- | ৪৩,৮৮১/- |
| ২৩ | ভবানীপুর (মহিলা) সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | লালপুর, নাটোর | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কম খরচে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, ফুট পাম্প-২টি, হ্যান্ড স্প্রেয়ার-২০টি | ১,৯১,০০০/- | ১,৩৩,৭০০/- | ৫৭,৩০০/- | ১,১৬,৬৬৯/- |
| ২৪ | চন্ডিগাছা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | লালপুর, নাটোর | আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ৩টি, ফুট পাম্প- ৪টি, এলএলপি- ৪টি, স্প্রেয়ার- ৭টি | ৫,৫০,০০০/- | ৩,৮৫,০০০/- | ১,৬৫,০০০/- | ১,৭১,০০০/- |

| ক্র/ নং | সিআইজি'র নাম | উপজেলা/ জেলা | উপ-প্রকল্পের শিরোনাম | বাজেট আইটেম | উপ-প্রকল্পের মোট মূল্যমান ও শেয়ার (টাকা) | | | উপ-প্রকল্প দাখিলের তারিখে সিআইজি'র ব্যাংকে সঞ্চয় (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | উপ-প্রকল্পের মূল্যমান | ম্যাচিং গ্রান্ট ৭০% (সর্বোচ্চ) | সিআইজি'র ন্যূনতম শেয়ার | |
| ২৫ | গন্ডবিল সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | লালপুর, নাটোর | আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার-১টি, ফুট পাম্প- ১টি | ১,৩৩,০০০/- | ৯৩,১০০/- | ৩৯,৯০০/- | ৪২,৯৪২/- |
| ২৬ | উধনপাড়া (মহিলা) সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | লালপুর, নাটোর | আধুনিক কৃষি যন্ত্র ব্যবহার করে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার-১ টি | ১,২৫,০০০/- | ৮৭,৫০০/- | ৩৭,৫০০/- | ৩৮,৪৫৩/- |
| ২৭ | রামানন্দপুর সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | লালপুর, নাটোর | আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, ফুট পাম্প- ৫টি, পাওয়ার থ্রেসার- ১ টি | ২,৫০,০০০/- | ১,৭৫,০০০/- | ৭৫,০০০/- | ১,৮০,৫৪৫/- |
| ২৮ | ওয়ালিয়া পূর্বপাড়া সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ, | লালপুর, নাটোর | আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ২টি, ফুট পাম্প- ৫টি, স্প্রেয়ার-১০টি, পাওয়ার স্প্রেয়ার- ১টি, পাওয়ার থ্রেসার- ১টি | ৩,৬০,০০০/- | ২,৫২,০০০/- | ১,০৮,০০০/- | ১,৬৯,১০৯/- |
| ২৯ | ফুলবাড়ি পূর্বপাড়া (মহিলা) সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ, | লালপুর, নাটোর | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে কম খরচে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ৩টি, ফুট পাম্প- ৫টি | ৪,১৫,০০০/- | ২,৯০,৫০০/- | ১,২৪,৫০০/- | ১,২৯,৯৬৫/- |
| ৩০ | বিশ্বম্ভরপুর সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | লালপুর, নাটোর | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কম খরচে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ২টি, পাওয়ার স্প্রেয়ার- ১টি, ফুট পাম্প- ৪টি | ৩,২০,০০০/- | ২,২৪,০০০/- | ৯৬,০০০/- | ১,০২,৫৮১/- |
| ৩১ | মহেশচন্দ্রপুর পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি | সিংড়া, নাটোর | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | পাওয়ার টিলার- ১টি, ফুট পাম্প- ১০টি | ১,৯০,০০০/- | ১,৩৩,০০০/- | ৫৭,০০০/- | ৬০,০০০/- |
| ৩২ | চরধনাই সিআইজি ধান চাষি সমবায় সমিতি লিমিটেড | সদর, বগুড়া | কর্ষণ যন্ত্র ক্রয় ও খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন খরচ হ্রাসকরণ এবং বাণিজ্যিক চাষ ব্যবস্থা উন্নতকরণ শীর্ষক প্রকল্প | পাওয়ার টিলার- ২টি | ২,২৬,০০০/- | ১,৫৮,২০০/- | ৬৭,৮০০/- | ১,১১,৮৮৫/- |
| ৩৩ | দাড়িয়াল সিআইজি আলু চাষি সমবায় সমিতি লিমিটেড | সদর, বগুড়া | খামার যান্ত্রিকীকরণ এবং ফসল কর্তনোত্তর ক্ষতি হ্রাস, ভূ-উপরিস্থ সেচ সুবিধা সৃষ্টি ও উত্তম কর্ষণ ব্যবস্থার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | পাওয়ার থ্রেসার- ১টি, এলএলপি- ১টি, পাওয়ার টিলার- ২টি | ৩,৭০,০০০/- | ২,৫৯,০০০/- | ১,১১,০০০/- | ১,৪২,৫০৪/- |
| ৩৪ | হাজরাদিঘী (জুম্মাপাড়া) সিআইজি সবজি চাষি সমবায় সমিতি লিমিটেড | সদর, বগুড়া | খামার যান্ত্রিকীকরণ এবং ফসল কর্তনোত্তর ক্ষতি হ্রাস, ভূ-উপরিস্থ সেচ সুবিধা সৃষ্টি ও উত্তম কর্ষণ ব্যবস্থার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | পাওয়ার টিলার-২টি, এনএলপি- ১টি, পাওয়ার থ্রেসার- ১ টি | ৩,৭০,০০০/- | ২,৫৯,০০০/- | ১,১১,০০০/- | ১,৪৫,৮০৪/- |
| ৩৫ | লিলাইল সিআইজি ধান চাষি সমবায় সমিতি লিমিটেড | সদর, বগুড়া | খামার যান্ত্রিকীকরণ এবং উত্তমরূপে জমি কর্ষণ ব্যবস্থা ও ফসল কর্তনোত্তর ক্ষতি কমানো শীর্ষক প্রকল্প | পাওয়ার টিলার- ২টি, পাওয়ার থ্রেসার- ১টি | ৩,৭৫,০০০/- | ২,৬২,৫০০/- | ১,১২,৫০০/- | ১,৯১,৭০০/- |
| ৩৬ | মহেশপুর মহিলা সিআইজি ফসল সমবায় সমিতি লিমিটেড, | কাহালু, বগুড়া | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি ও মাড়াই খরচ হ্রাসকরণ শীর্ষক উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ২টি, পাওয়ার থ্রেসার- ২টি | ৫,০০,০০০/- | ৩,৫০,০০০/- | ১,৫০,০০০/- | ১,৫২,১০৯/- |
| ৩৭ | ঢেমসাখালী সিআইজি কৃষি সমবায় সমিতি লিমিটেড | পাইকগাছা, খুলনা | ঢেমসাখালী সিআইজির বাজার সংযোগ স্থাপন উপ-প্রকল্প | পণ্য পরিবাহী গাড়ি-১টি | ৬,০০,০০০/- | ৩,৮৭,১০০/- | ২,১২,৯০০/- | ২,৫৩,০০০/- |
| ৩৮ | বাঁকা পুরুষ সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | পাইকগাছা, খুলনা | বাঁকা পুরুষ সিআইজির বাজার সংযোগ স্থাপন উপ-প্রকল্প | পণ্য পরিবাহী গাড়ি -১টি | ৬,০০,০০০/- | ৩,৮৭,১০০/- | ২,১২,৯০০/- | ২,১৫.০০০/- |
| ৩৯ | দেবদুয়ার যুব সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | পাইকগাছা, খুলনা | দেবদুয়ার যুব সিআইজির বাজার সংযোগ স্থাপন উপ-প্রকল্প | পণ্যবাহী গাড়ি -১টি | ৫,৬০,০০০/- | ৩,৮৭,১০০/- | ১,৭২,৯০০/- | ১,৮১,১৬৬/- |

| ক্র/ নং | সিআইজি'র নাম | উপজেলা/ জেলা | উপ-প্রকল্পের শিরোনাম | বাজেট আইটেম | উপ-প্রকল্পের মোট মূল্যমান ও শেয়ার (টাকা) | | | উপ-প্রকল্প দাখিলের তারিখে সিআইজি'র ব্যাংকে সঞ্চয় (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | উপ-প্রকল্পের মূল্যমান | ম্যাচিং গ্রান্ট ৭০% (সর্বোচ্চ) | সিআইজি'র ন্যূনতম শেয়ার | |
| ৪০ | মঠবাটী সিআইজি মহিলা সবজি দল সমবায় সমিতি লিমিটিড | পাইকগাছা, খুলনা | মঠবাটী সিআইজি মহিলা সবজি দল সমবায় সমিতি খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ২টি | ২,৭০,০০০/- | ১,৮৯,০০০/- | ৮১,০০০/- | ১,২৮,৩৯০/- |
| ৪১ | ফুলবাড়ি তরমুজ চাষী সিআইজি কৃষি সমবায় সমিতি লিমিটিড | পাইকগাছা, খুলনা | ফুলবাড়ি তরমুজ চাষী সিআইজি কৃষি সমবায় সমিতি লিমিটিড এর খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি উপ-প্রকল্প | পাওয়ার টিলার-৩ টি | ৩,৯৫,৮৬০/- | ২,৭৭,১০২/- | ১,১৮,৭৫৮/- | ১,১৮,৭৬০/- |
| ৪২ | ডি. কে. পুরুষ সিআইজি সমবায় সমিতি লিঃ | কেশবপুর, যশোর | সিআইজি কর্তৃক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন ব্যয় হ্রাস ও কৃষি পণ্য পরিবহণ সহজীকরণ উপ-প্রকল্প | পাওয়ার টিলার-২ টি, এলএলপি-২ টি, পণ্যবাহী ভ্যান-২টি | ৪,৯৬,০০০/ | ৩,৪৭,২০০/- | ১,৪৮,৮০০/- | ১,৪৯,২৬৪/- |
| ৪৩ | শ্যামলাগাছি মহিলা (ফসল) সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | শার্শা, যশোর | শ্যামলাগাছি মহিলা সিআইজি খামার যান্ত্রিকীকরণ (পাওয়ার টিলার ও সিডার) উপ-প্রকল্প | ২টি পাওয়ার টিলার ও ১টি সিডার | ৪,১০,০০০/- | ২,৮৭,০০০/- | ১,২৩,০০০/- | ১,২৪,৫৪৩/- |
| ৪৪ | শ্যামলাগাছি পূর্বপাড়া (ফসল) সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | শার্শা, যশোর | শ্যামলাগাছি পূর্বপাড়া সিআইজি খামার যান্ত্রিকীকরণ (পাওয়ার টিলার ও সিডার মেশিন) উপ-প্রকল্প | পাওয়ার টিলার-১টি, সিডার মেশিন-১টি | ২,৫৫,০০০/- | ১,৭৮,৫০০/- | ৭৬,৫০০/- | ৭৭,০০০/- |
| ৪৫ | বাকুড়া সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | ঝিকরগাছা, যশোর | বাকুড়া সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ কর্তৃক "যান্ত্রিকীকরণের আওতায় উত্তম ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি উপ-প্রকল্প | পাওয়ার টিলার-১টি, পাওয়ার টিলার চালিত সিডার-১টি, ফুট পাম্প- ২০টি | ৫,১৬,০০০/- | ৩,৬১,২০০/- | ১,৫৪,৮০০/- | ১,৮৭, ১৫৫/- |
| ৪৬ | দক্ষিণ লাউড়ী সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | মনিরামপুর, যশোর | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ২টি, পাওয়ার থ্রেসার- ১টি, এলএলপি- ১টি, ফুট পাম্প- ২টি, রিপার- ১টি | ৫,৫২,৮৬০/- | ৩,৮৭,০০২/- | ১,৬৫,৮৫৮/- | ৩,৮৮,৩০৫/- |
| ৪৭ | সবুজ বাংলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | তালা, সাতক্ষীরা | সবুজ বাংলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড কর্তৃক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | রিপার-২টি, রাইস ট্রান্সপ্লান্টার-১টি, কাল্টিভেটর-১টি, গার্ডেন টেলর- ২টি, ফুট পাম্প- ৪টি | ৫,৫৩,০০০/- | ৩,৮৭,১০০/- | ১,৬৫,৯০০/- | ২,০০,৫২/- |
| ৪৮ | চাঁদপুর সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | সদর, সাতক্ষীরা | চাঁদপুর সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ কর্তৃক উন্নত কৃষি যান্ত্রিকীকরণ প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি প্রকল্প | পাওয়ার টিলার-২টি, এলএলপি-৭টি, স্প্রেয়ার-৭টি, পাওয়ার থ্রেসার-১টি, ফুট পাম্প-২টি, প্যাডেল থ্রেসার-৪টি, কোকোনাট কালেক্টর- ১টি | ৫,৫৩,০০০/- | ৩,৮৭,১০০/- | ১,৬৫,৯০০/- | ১,৭০,৪০৩/- |
| ৪৯ | ভাদড়া সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | সদর, সাতক্ষীরা | ভাদড়া সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ কর্তৃক ক্ষুদ্র ও মাঝারি কৃষকদের মাঝে সাশ্রয়ী ভাড়াভিত্তিক যন্ত্রসেবা প্রদান উপ-প্রকল্প | পাওয়ার টিলার- ২টি, সিডার- ১টি, পাওয়ার থ্রেসার- ১টি, এলএলপি- ৩টি | ৫,৫৩,০০০/- | ৩,৮৭,১০০/- | ১,৬৫,৯০০/- | ১,৭৫,৫৩৯/- |
| | মোট | | | | ১,৮৯,৩৭,৩১০/- | ১,৩২,৪২,০১৭/- | ৫৭,৮৩,২৯৩/- | |

# অনুমোদিত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহের অনুকূলে মঞ্জুরীকৃত এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বিতরণ ও ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কিত নির্দেশিকা

**১. এআইএফ-২ নীতিমালা অনুসরণ**

অনুমোদিত সিআইজি উপ-প্রকল্প প্রস্তাবের অনুকূলে মঞ্জুরীকৃত এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বিতরণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে এআইএফ-২ নীতিমালা (**"এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড ম্যানুয়াল- এআইএফ ২ অপারেশনাল গাইডলাইন"**) কঠোরভাবে অনুসরণ করতে হবে এবং অনুমোদিত উপ-প্রকল্পের কর্মপরিকল্পনা বা কার্যক্রমের কোন পরিবর্তন বা সংশোধন করা যাবে না। গ্রান্ট বিতরণ বা ব্যবস্থাপনা বা বাস্তবায়নের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা বা বিঘ্ন সৃষ্টি হলে তাৎক্ষণিকভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করতে হবে।

**২. এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট প্রাপ্তি ও ব্যবহার সংক্রান্ত অঙ্গীকারনামা সম্পাদন**

অনুমোদিত উপ-প্রকল্পের অনুকূলে এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বিতরণের পূর্বে সংশ্লিষ্ট সিআইজি-কে আবশ্যিকভাবে ৩০০/- (টাকা তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে নিম্নোক্ত নমুনা ফরমেট অনুযায়ী অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে। সম্পাদিত অঙ্গীকারনামার ফটোকপি গ্রান্টের অর্থ ছাড়করণ সংশ্লিষ্ট অন্যান্য কাগজ-পত্রের সাথে অত্র প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।

## এনএটিপি-২ এর অধীনে এআইএফ-২ গ্রান্ট প্রাপ্তি ও ব্যবহার সংক্রান্ত অঙ্গীকারনামা

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী .......................................... সিআইজি'র পক্ষে.................................শীর্ষক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য এআইএফ-২ (AIF-2) খাত থেকে আর্থিক অনুদানের জন্য আবেদন করি। উক্ত উপ-প্রকল্পটি যোগ্য বিবেচিত হওয়ায় এআইএফ-২ খাত থেকে আর্থিক অনুদান বরাদ্দের সম্মতি পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দ প্রাপ্তির জন্য আমি/আমরা ......................... সিআইজি'র পক্ষে এই মর্মে অঙ্গীকার করছি যে এআইএফ-২ এর অধীনে প্রাপ্ত অনুদান সদ্ব্যবহারের নিম্নরূপ শর্তাবলী মানিয়া চলিব:

শর্তাবলী:

১. অনুদানের সমুদয় অর্থ শুধুমাত্র প্রস্তাবিত প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যয় করিব।
২. অনুদানের অর্থ ব্যয়, প্রকল্পের যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়ে বিশ্বব্যাংক ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক/কর্তৃপক্ষের প্রদত্ত নিয়মাবলী মানিয়া চলিব।
৩. ব্যয় বিবরণী যথাসময়ে অথবা অনুদান প্রদানকারী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রয়োজন অনুযায়ী দাখিল করিব।
৪. অনুদানের অর্থ ব্যয়, প্রকল্পের আয় ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে সিআইজি'র সকল সদস্যকে যথাবিহীত অবহিত করিব।
৫. প্রকল্প বাস্তবায়নে ইউনিয়ন/উপজেলা/জেলা পর্যায়ের এবং পিআইইউ/পিএমইউ'র সংশ্লিষ্ট কর্মকর্তা/সম্প্রসারণ কর্মী এবং বিশেষজ্ঞদের সহায়তা গ্রহণ করিব এবং তাঁহাদের কারিগরি পরামর্শ অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করিব।
৬. আমার/আমাদের দ্বারা প্রকল্প বাস্তবায়নে কোন প্রকার ব্যর্থতা দেখা দিলে তার দায়-দায়িত্ব আমি/আমরা বহন করিব। আমি/আমাদের ব্যর্থতার বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সিদ্ধান্ত মানিয়া চলিব।
৭. প্রকল্পে যে সব যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় করা হবে তা গ্রুপ ব্যতিত হস্তান্তরযোগ্য নহে।

উপর্যুক্ত শর্তাবলী মানিয়া চলিবার অঙ্গীকারাবদ্ধ হওয়ায় উভয়পক্ষ অনুদান প্রদান ও গ্রহণে সম্মত হই। সেমতে, আমি/আমরা............. সিআইজি'র পক্ষে নিম্নে স্বাক্ষরদানকারী সাক্ষীগণের উপস্থিতিতে অদ্য ......................তারিখ পূর্বাহ্নে/অপরাহ্নে অত্র অঙ্গীকারনামায় স্বাক্ষর প্রদান করলাম।

| সিআইজি'র পক্ষে | ডিএই এর পক্ষে |
|---|---|
| ১। | ১। |
| ২। | |

সাক্ষীবৃন্দ

| | |
|---|---|
| ১। | ১। |
| ২। | ২। |
| ৩। | ৩। |

৩. গ্রান্ট বিতরণ পদ্ধতি (Disbursement Process)

- অনুমোদিত উপ-প্রকল্পের অনুকূলে এআইএফ-২ ম্যাচিং গ্রান্টের মঞ্জুরীকৃত অর্থ পিআইইউ, ডিএই হতে সরাসরি উপজেলার এনএটিপি-২ একাউন্টে প্রেরণ করা হবে;
- উপজেলা কৃষি কর্মকর্তা পত্র জারীর মাধ্যমে উপ-প্রকল্পের ধরন ও বিস্তারিত বিষয়াদি সংশ্লিষ্ট সিআইজি, এসএএও ও ফিয়াক-কে অবগত করবেন এবং নিম্নোক্ত মানদন্ড (criteria) পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট সিআইজি'র ব্যাংক একাউন্টে গ্রান্টের মঞ্জুরীকৃত অর্থ ছাড় করবেন:
  - কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকার ক্রয় কার্যাদি সম্পন্ন করা হলে এবং তার যথার্থতা উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক যাচাই/প্রতিপাদন করা হলে;
  - সিআইজি'র **'গ্রহণ কমিটি'** কর্তৃক ক্রয়কৃত পণ্যাদি গ্রহণের সনদ প্রদান করা হলে;
  - ক্রয়ের মূল বিল, স্টক রেজিস্টারে স্টক এন্ট্রিসহ ভাউচার, চালান, ভ্যাট চালান, কোটেশন, ইত্যাদি সংশ্লিষ্ট সিআইজি কর্তৃক উপজেলা কৃষি কর্মকর্তার নিকট দাখিল করা হলে;
  - সিআইজি'র ম্যাচিং ফান্ডের অংশ হতে ক্রয়কৃত মূল্যের ন্যূনতম ৩০% অর্থ পণ্যাদির সরবরাহকারীকে একাউন্ট পেয়ি চেক (Account payee cheque) এর মাধ্যমে পরিশোধের প্রমাণকসহ ব্যাংক স্টেটম্যান্ট দাখিল করা হলে;
- ম্যাচিং গ্রান্ট বাবদ প্রদত্ত অর্থ (৭০%) সংশ্লিষ্ট সিআইজি'র চলমান ব্যাংক একাউন্টে অর্থাৎ যে একাউন্টে সিআইজি'র সঞ্চয়ী অর্থ (৩০%) জমা আছে সেই একাউন্টেই প্রদান করতে হবে;
- উপ-প্রকল্পের প্রকৃতি বা ধরনের ভিত্তিতে গ্রান্টের অর্থ কিস্তিতে বা অগ্রগতির ধাপে ধাপে বা এককালীন ছাড় করা যাবে; এ ক্ষেত্রে চুক্তিবদ্ধ (agreed milestone) কার্য সম্পাদনের সরেজমিন মূল্যায়ন পরিস্থিতি এবং গ্রান্ট গ্রহণকারী সিআইজি কর্তৃক সম্পূর্ণ অর্থ ব্যয়ের শর্ত প্রযোজ্য হবে;
- উপজেলা কৃষি কর্মকর্তার দায়িত্ব হলো- উপ-প্রকল্পের অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য যথাযথ বিশ্বস্ততা ও সুরক্ষার (fiduciary safeguard) সাথে গ্রান্ট বাবদ প্রদত্ত অর্থের কার্যকর ব্যবহার নিশ্চিত করা এবং এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও অংশীদারগণকে প্রতিবেদন প্রদান করা;

**এআইএফ-২ ম্যাচিং গ্রান্টের তহবিল ব্যবস্থাপনা:** অনুমোদিত সিআইজি উপ-প্রকল্পের তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত সামগ্রিক কার্যক্রম একই ব্যাংক একাউন্ট অর্থাৎ যে একাউন্টে সিআইজি'র সঞ্চয়ী অর্থ (৩০%) আছে ও গ্রান্টের (৭০%) অর্থ ছাড় করা হবে সেই একাউন্টের মাধ্যমেই পরিচালিত হবে।

৪. ক্রয় পদ্ধতি (Procurement process): গ্রান্ট গ্রহণকারী সিআইজি নিম্নোক্ত কর্ম পদ্ধতি অনুসরণ পূর্বক অনুমোদিত উপ-প্রকল্পে তালিকাভুক্ত সকল পণ্যাদি ও সেবা ক্রয়ের জন্য দায়বদ্ধ থাকবে:

(১) **সরলীকৃত (সহজসাধ্য) ক্রয় (Simplified Procurement):** স্পট কোটেশনের মাধ্যমে প্রতিযোগীতামূলক দর যাচাইয়ের ভিত্তিতে ক্রয় কার্য সম্পন্ন করা।

(২) **সরাসরি ক্রয় পদ্ধতি (Direct procurement procedures):** ন্যায্য মূল্য ও পণ্যের মান নিশ্চিত করে ক্ষুদ্র ক্ষুদ্র পণ্যাদি সরাসরি ক্রয় করা। কোন পণ্যের প্রাপ্যতা খুব সীমিত হলে একক উৎস ক্রয় পদ্ধতি (**Single Source procurement**) অনুসরণ করা যেতে পারে।

(৩) অল্প মূল্যের সর্বোচ্চ ২৫০০০/- টাকা পর্যন্ত ক্রয় কার্যাদির ক্ষেত্রে সিআইজি সরাসরি নিজস্ব ব্যবস্থাপনায় নগদ মূল্যে পণ্যাদি ক্রয় করতে পারবে, তবে এ ক্ষেত্রে সিআইজি'র কার্যকরী কমিটির **সর্বসম্মত অনুমোদন** থাকতে হবে এবং এতদ্‌বিষয়ে কার্যকরী কমিটির সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরিত কার্যবিবরণী অবশ্যই সংরক্ষণ করতে হবে। উদ্ধৃত মূল্যের সাথে ভ্যাট আলাদাভাবে যুক্ত হবে। (Price in the quation should include VAT separately.)

(৪) ভ্যান (Van) তৈরি, নেট/সেড হাউজ নির্মাণ, বায়োগ্যাস প্লান্ট, ইত্যাদি কার্যাদির ক্ষেত্রে সিআইজি কর্তৃক প্রকৃত ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করতে হবে এবং তাতে সিআইজি'র কার্য্য নির্বাহী কমিটির অনুমোদন থাকতে হবে। সিআইজি কার্য নির্বাহী কমিটির অনুমোদিত প্রাক্কলন উপজেলা কৃষি কর্মকর্তা/উর্ধ্বতন বিশেষজ্ঞ কর্তৃপক্ষের মূল্যায়ন এবং পিআইইউ এর পরিচালক এর অনুমোদনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। পিআইইউ এর পরিচালক কর্তৃক অনুমোদনের পর সিদ্ধান্তটি উপজেলা কৃষি কর্মকর্তাকে অবহিত করা হবে। পরবর্তীতে উপজেলা কৃষি কর্মকর্তা সিদ্ধান্তটি কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সিআইজিকে অবগত করবেন।

(৫) উপ-প্রকল্পে তালিকাভুক্ত সকল প্রকার পণ্যাদি **''প্যাকেজ''** আকারে অথবা বিভিন্ন পণ্যাদি **'লটে'** গ্রুপিং করে প্যাকেজের মাধ্যমে স্থানীয়ভাবে ক্রয়ের জন্য সিআইজি-সমূহকে উৎসাহিত করতে হবে।

(৬) **সিআইজি উপ-প্রকল্প পরিকল্পনায় তালিকাভুক্ত পণ্যাদি বহির্ভূত অন্য কোন সামগ্রী ক্রয় করতে পারবে না।**

(৭) **ক্রয় কমিটি (Procurement committee):** উপর্যুক্ত পদ্ধতি অনুসরণ করে তালিকাভুক্ত পণ্যাদি ক্রয়ের জন্য গ্রান্ট গ্রহণকারী সিআইজি'র সদস্যদের মধ্য হতে **৫ (পাঁচ) জন সদস্যের সমন্বয়ে একটি ক্রয় কমিটি** গঠিত হবে। গঠিত কমিটি ক্রয় কার্যক্রমে সততা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের স্বার্থে **অন্যূন ৩ (তিন) জন স্থানীয় সরবরাহকারী/ডিলারের নিকট হতে মূল্যোদ্ধৃতি** (Price quotatioin) সংগ্রহের মাধ্যমে ক্রয় সংশ্লিষ্ট সকল কার্যাদি সম্পন্ন করবে। তিনটি মূল্যোদ্ধৃতি সংগ্রহের পর সিআইজি পণ্যাদির মূল্য সম্বন্ধে উপজেলা কৃষি কর্মকর্তাকে অবহিত করবে। উপজেলা কৃষি কর্মকর্তা তখন বাজার যাচাইয়ের মাধ্যমে কোটেশনে উদ্ধৃত মূল্যের যথার্থতা পরীক্ষা করবেন। উদ্ধৃত মূল্য বাজার মূল্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হলে উপজেলা কৃষি কর্মকর্তা গ্রান্ট গ্রহণকারী সিআইজি-কে ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণের বিষয়ে অবহিত করবেন।

(৮) **গ্রহণ কমিটি (Receiving committee):** ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সরবরাহকৃত পণ্যাদি গ্রহণের জন্য গ্রান্ট গ্রহণকারী সিআইজি'র **ক্রয় কমিটির সদস্যদের ব্যতিত অপর ৩ (তিন) জন সদস্যের সমন্বয়ে একটি স্বতন্ত্র ''গ্রহণ কমিটি''** গঠিত হবে। **"গ্রহণ কমিটি" সরবরাহকৃত পণ্যাদি সরেজমিনে কার্যকারি পরীক্ষা (Functional test) ও উপ-প্রকল্প প্রস্তাবে উল্লিখিত বিনির্দেশের সহিত মিলিয়ে বা প্রতিপাদনের মাধ্যমে যাচাই করবে**। সিআইজি উপ-প্রকল্পের অনুকূলে ক্রয়/সংগ্রহকৃত সকল প্রকার পণ্যাদির জন্য পৃথক একটি মজুত রেজিস্টার ব্যবহার ও সংরক্ষণ করবে।

(৯) **গ্রান্টের অর্থ ছাড়করণ ও বিল প্রদান:** সিআইজি পণ্যাদি ক্রয় সংক্রান্ত **তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় সকল রেকর্ড/কাগজ-পত্রাদিসহ উপজেলা কৃষি কর্মকর্তার নিকট দাখিল করবে। দাখিলকৃত বিবরণী ও রেকর্ড/কাগজ-পত্রাদির ভিত্তিতে উপজেলা কৃষি কর্মকর্তা- "ক্রয় কার্য সিআইজি'র বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে"- মর্মে প্রত্যয়ন পত্র প্রদানপূর্বক প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট সকল রেকর্ড/কাগজ-পত্রাদিসহ (সত্যায়িত অনুলিপি) পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিটে (পিআইইউ), ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), ডিএই, খামারবাড়ি, ঢাকা বরাবরে অর্থ ছাড়করণের জন্য অনুরোধ পত্র প্রেরণ করবেন**। প্রেরিত তুলনামূলক বিবরণী, রেকর্ড/কাগজ-পত্রাদি ও প্রত্যয়ন পত্রের ভিত্তিতে পরিচালক, পিআইইউ-এনএটিপি২, ডিএই উপজেলা একাউন্টে প্রয়োজনীয় পরিমাণ অর্থ ছাড় করবেন এবং পরবর্তী পর্যায়ে উপজেলা কৃষি কর্মকর্তা গ্রান্ট গ্রহণকারী সিআইজি'র ব্যাংক একাউন্টে Bank transfer বা Account payee cheque এর মাধ্যমে গ্রান্টের অর্থ প্রদান করবেন। অতঃপর সিআইজি সরবরাহকারী বা ঠিকাদারকে Account payee cheque প্রদানের মাধ্যমে ক্রয়কৃত পণ্যাদির মূল্য পরিশোধ করবে। সকল প্রকার অর্থ পরিশোধের ক্ষেত্রে বিল/ভাউচার এবং ক্যাশ রিসিপ্ট (যেখানে যা প্রযোজ্য) এর ডকুমেন্ট থাকতে হবে। (All payments should be accompanied by a payment of bill/voucher and cash receipt, as applicable)।

**৫. সুফল ও মুনাফা শেয়ারিং**

১) উপ-প্রকল্পের পণ্যাদি (inputs), যেমন-ফার্ম মেশিনারি, ইত্যাদি সাধারণত উপ-প্রকল্পে প্রস্তাবিত রূপরেখা বা কর্মপরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট সিআইজি'র সদস্যবৃন্দ উৎপাদন ও অর্থনৈতিকভাবে উন্নয়নমূলক কর্মকান্ডে ব্যবহার করবেন,

২) অপারেশন, তৈল/জ্বালানী, নিবন্ধন ফি এবং অপরাপর রক্ষণাবেক্ষণ ব্যয় সংশ্লিষ্ট সিআইজি'র কৃষকবৃন্দ বহন করবেন,

৩) বাড়তি আয়ের জন্য পণাদি (inputs) ভাড়ার ভিত্তিতে স্থানীয় নন-সিআইজি কৃষকদেরকেও প্রদান করা যেতে পারে। গ্রান্ট গ্রহণকারী সিআইজি স্থানীয় চাহিদা এবং ব্যবহার প্রকৃতির ভিত্তিতে ভাড়ার হার নির্ধারণ করবে,

৪) পণ্যাদি (inputs) ভাড়া বাবদ অর্জিত অর্থ সিআইজি'র উন্নয়ন এবং আয় বর্ধন কাজে ব্যবহার করা যেতে পারে।

**৬. পণ্যাদির ক্রয় পরবর্তী ব্যবস্থাপনা**

- কোন একটি সিআইজি'র ক্ষেত্রে এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট মাত্র একবারই প্রযোজ্য হবে, তাই ম্যাচিং গ্রান্টের অনুকূলে ক্রয়কৃত পণ্যাদির সুষ্ঠু পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিআইজি-কে বিশেষভাবে দায়িত্ববান হতে হবে;
- সিআইজি ক্রয়কৃত পণ্যাদির সুষ্ঠু ব্যবহার ও ব্যবস্থাপনার লক্ষ্যে একটি অপারেশনাল (পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) গাইডলাইন প্রস্তুত করবে;
- উপ-প্রকল্পের আওতায় ক্রয়কৃত/সংগৃহীত সকল সম্পদ সংশ্লিষ্ট সিআইজি'র সম্পত্তি হিসেবে পরিগণিত হবে এবং এসব সম্পদ হস্তান্তরযোগ্য নহে;
- উপ-প্রকল্প মেয়াদে ম্যাচিং গ্রান্ট ব্যবহারের মাধ্যমে যে সম্পদ/রিসোর্স গড়ে উঠবে, সামগ্রিক মুনাফা এবং অর্জন বা প্রাপ্তিসহ সেগুলো গ্রান্ট গ্রহণকারী সিআইজি'র পুঁজি/স্থায়ী সম্পদ হিসেবে পরিগণিত হবে;
- অর্জিত সকল সম্পদ অনুমোদিত উপ-প্রকল্পের অনুরূপ কর্মকান্ডের ধারাবাহিকতায় অথবা অন্য কোন উন্নয়নমূলক কর্মকান্ডে ব্যবহার করা যেতে পারে।

**৭ . এআইএফ-২ আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কার্যক্রমে উপজেলা কৃষি কর্মকর্তার ভূমিকা**

উপজেলা কৃষি কর্মকর্তা এআইএফ-২ আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যক্রমে নিম্নোক্ত ভূমিকা পালন করবেন:

- সিআইজি'র ব্যাংক একাউন্টে মোট উপ-প্রকল্প ব্যয়ের ৩০% সঞ্চয়ী অর্থ জমা আছে এমন নিশ্চিয়তার ভিত্তিতে এআইএফ-২ ম্যাচিং গ্রান্টের অর্থ ছাড়করণ;

- উপ-প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা রক্ষার্থে ক্রয়, আর্থিক ব্যবস্থাপনা, অপারেশন গাইডলাইন, একাউন্টিং, রিপোর্টিং এবং নিরীক্ষা কাজে গ্রান্ট গ্রহণকারী সিআইজি-কে কার্যকর সহায়তা প্রদান;
- নিবিড় মনিটরিং ও পরামর্শমূলক পরিসেবার (Advisory services) মাধ্যমে উপ-প্রকল্পের পরিকল্পিত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন সহজতর করা এবং আর্থিক ব্যবস্থাপনা ও সংশ্লিষ্ট কার্যক্রম যেমন- ব্যাংক একাউন্ট পরিচালনা, একাউন্টিং, রেজিষ্টারে তথ্যাদি সংরক্ষণ, প্রতিবেদন তৈরি, ক্রয় কার্যাদি সম্পাদন, সুবিধাদি ভাগাভাগি (benefit sharing), ইত্যাদি বিষয়ে বিশেষ সহায়তা প্রদান;
- অর্থ ব্যবস্থাপনা, ক্রয় এবং সংশ্লিষ্ট বিষয়ে গ্রান্ট প্রাপ্ত সিআইজি'র সদস্যদের দক্ষতা অর্জনের নিমিত্ত বিশেষ প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ এবং এতদ্‌বিষয়ে পরিচালক, পিআইইউ-এনএটিপি২, ডিএই এর সাথে সমন্বয় সাধন;
- গ্রান্ট গ্রহণকারী সিআইজি'র ম্যাচিং ফান্ড সংক্রান্ত সকল হাল-নাগাদ তথ্যাদি যেমন- সিআইজি'র সম্পদ বিবরণী, আর্থিক ব্যবস্থাপনা, ক্রয়, আয়-ব্যয়, কার্যক্রমের অগ্রগতি, ইত্যাদি সংরক্ষণ এবং এআইএফ-২ গ্রান্ট সংশ্লিষ্ট সকল প্রকার তথ্যাদি যথাসময়ে ও সঠিকভাবে পিআইইউ-এনএটিপি২-ডিএই বরাবরে প্রেরণ;
- ম্যাচিং ফান্ড সংক্রান্ত সকল হাল-নাগাদ তথ্যাদি সংরক্ষণে সংশ্লিষ্ট ফিয়াক (FIAC)/এসএএও-দেরকে দায়িত্ব প্রদান ও নিয়োজিত করণ;
- ম্যাচিং গ্রান্টের প্রয়োগ/ব্যবহার, আর্থিক ব্যবস্থাপনা পদ্ধতি অথবা অন্য কোন পরিমার্জনার (revision) বিষয়ে (যদি থাকে) পিআইইউ-এনএটিপি২, ডিএই বরাবরে ফিড-ব্যাক প্রদান।

**৮. হিসাবরক্ষণ পদ্ধতি**

- এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট প্রাপ্ত সিআইজি'র উপ-প্রকল্প সংশ্লিষ্ট সকল কার্যক্রম একই ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিচালিত হবে, ইতোপূর্বে সিআইজি'র যে ব্যাংক একাউন্ট খোলা হয়েছে বা পরিচালিত হচ্ছে, উপ-প্রকল্পের লেন-দেনের জন্যও ঐ একাউন্টই ব্যবহৃত হবে, উপ-প্রকল্প গ্রান্ট পরিচালনার জন্য পৃথক ব্যাংক একাউন্ট খোলার প্রয়োজন নাই;
- ব্যাংকের সাথে যে কোন লেনদেন যথা- জমাদান অথবা উত্তোলনের ক্ষেত্রে সিআইজি'র উপ-আইন নির্দেশনা অনুযায়ী স্বাক্ষর প্রক্রিয়া সম্পন্ন হবে;
- উপ-প্রকল্প গ্রান্টের ব্যয় সংক্রান্ত সকল রেকর্ড-পত্রাদি, কেনা-কাটার ভাউচার, উচ্চমূলের ক্রয় (টেন্ডার বা স্পট কোটেশন) সংক্রান্ত সকল প্রকার ডকুমেন্ট, ইত্যাদি হিসাব পদ্ধতির স্ট্যান্ডার্ড বিধি-বিধান অনুসরণপূর্বক সম্পন্ন করতে হবে এবং তদনুসারে নথিভুক্ত/রেকর্ডভুক্ত হবে;
- সিআইজি'র পদধারী কোষাধ্যক্ষ ব্যয়ের সকল রেকর্ড-পত্র, আর্থিক লেনদেন, ক্যাশ বই (ডাবল এন্টি), ভাউচার, অগ্রিম প্রদানের রেকর্ড-পত্র, লেজার (খতিয়ান বহি), ক্রয়কৃত বা উপ-প্রকল্পের মাধ্যমে অর্জিত সম্পদের তালিকা, সম্পদ/স্টক রেজিষ্টার, অন্যান্য রেজিষ্টার, ইত্যাদি পিআইইউ-এনএটিপি২-ডিএই-তে প্রতিবেদন প্রেরণ ও নিরীক্ষণের জন্য সংরক্ষণ করবেন;
- যেহেতু এআইএফ-২ গ্রান্ট উপজেলার এনএটিপি-২ একাউন্ট হতে সিআইজি'র একাউন্টে ব্যয়ন করা হবে, সেহেতু এআইএফ-২ সংশ্লিষ্ট সকল আর্থিক নিরীক্ষা উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়েরই অন্তর্ভুক্ত হবে এবং উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় পর্যন্তই সীমাবদ্ধ থাকবে। সেজন্য এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট সংশ্লিষ্ট ও নিরীক্ষণযোগ্য সকল রেকর্ড/কাগজ-পত্রাদি উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ে আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে।

**৯. উপ-প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণ ও সিআইজি-কে সহযোগিতা প্রদান**

- সংশ্লিষ্ট এসএএও সিআইজি'র সাথে ঘনিষ্ঠ যোগাযোগ ও সমন্বয় রক্ষা করে উপ-প্রকল্প কার্যক্রমের অগ্রগতি প্রতিনিয়ত অতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন এবং সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত কার্যকর সহযোগিতা প্রদান করবেন, প্রয়োজনে উপজেলা কৃষি কর্মকর্তার সহায়তা গ্রহণ করবেন;
- উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা পর্যায়ের ডিএই এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপ-প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন ও অভীষ্ট লক্ষ্য অর্জনের লক্ষ্যে সার্বিকভাবে দায়িত্ববান হবেন এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

**১০. পরিবীক্ষণ ও মূল্যায়ন**

- বাস্তবায়ন প্রক্রিয়ায় জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য এআইএফ-২ ম্যাচিং গ্রান্টের মাধ্যমে সম্পাদিত কার্যাদি প্রায়শই পরিবীক্ষণ করা হবে;
- জেলা, অঞ্চলসহ ডিএই এর সকল পর্যায়ের কর্মকর্তা; পিআইইউ-এনএটিপি২-ডিএই এর কর্মকর্তা; পিএমইউ-এনএটিপি-২ এর কর্মকর্তাগণ পরিবীক্ষণ কাজে যুক্ত থাকবেন; তাছাড়াও পিএমইউ-এনএটিপি২ এর কর্মকর্তা ও নিয়োগকৃত ফার্ম কর্তৃক উপ-প্রকল্পের কার্যক্রম মূল্যায়ন করা হবে।

## ২০১৮-১৯ অর্থ বছরে এআই এফ-২ ম্যাচিং গ্রান্ট সিআইজি প্রস্তাবনার অনুকূলে অনুমোদিত উপ-প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ

| ক্র/নং | উপজেলা | জেলা | সিআইজি'র নাম | উপ-প্রকল্পের শিরোনাম | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | সদর | টাঙ্গাইল | ১। দাইন্যা শিবরাম পুরুষ সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | পাওয়ার টিলার ক্রয় ও ব্যবহারের মাধ্যমে খামার যান্ত্রিকীকরণ ও ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প | ৯১,০০০/- |
| ২ | গৌরীপুর | ময়মনসিংহ | ২। বরইকান্দা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | বরইকান্দা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতির উন্নয়ন কল্পে যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি উপ-প্রকল্প | ৩,৩৯,৫০০/- |
| ৩ | দাউদকান্দি | কুমিল্লা | ৩। নোয়াগাঁও পুরুষ সিআইজি সমবায় সমিতি লিঃ | নোয়াগাঁও পুরুষ সিআইজি সমবায় সমিতি লিমিটেড এর সদস্যদের ফসল উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে পাওয়ার টিলার ক্রয় উপ-প্রকল্প | ৯১,০০০/- |
| | | | ৪। হাসানপুর মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | হাসনপুর মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড এর সদস্যদের কৃষি পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে পণ্যবাহী পিক-আপ ক্রয় উপ-প্রকল্প | ৩,৮৭,১০০/- |
| | | | ৫। নুরপুর পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | নুরপুর পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ এর সদস্যদের কৃষি পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে পণ্যবাহী পিক-আপ ক্রয় উপ-প্রকল্প | ৩,৮৭,১০০/- |
| | মোট | | | | ৮,৬৫,২০০/- |
| ৪ | মীরসরাই | চট্টগ্রাম | ৬। দক্ষিণ ওয়াহেদপুর পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | কৃষিজাত পণ্য পরিবহণ ও বাজারজাতকরণ উপযোগী পণ্যবাহী গাড়ি ক্রয় প্রকল্প | ৩,৮৭,০০০/- |
| ৫ | দক্ষিণ সুরমা | সিলেট | ৭। সতীঘর মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | সতীঘর নিরাপদ সবজি উৎপাদন ও বাজারজাতকরণ প্রকল্প | ২,০০,৯০০/- |
| | | | ৮। চিরসবুজ নৈখাই কোনারচর মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | চিরসবুজ নিরাপদ সবজি উৎপাদন ও বাজারজাতকরণ প্রকল্প | ১,৮৪,৮০০/- |
| | | | ৯। মোল্লারগাঁও সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | মোল্লারগাঁও সিআইজি (ফসল) সমবায় সমিতি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | ৩,৩৮,৪৫০/- |
| | | | ১০। শেখপাড়া সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | শেখপাড়া সিআইজি উন্নতমানের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিপণন প্রকল্প | ১,৪৮,৪০০/- |
| | | | ১১। আলমদ্বীন সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | আলমদ্বীন সিআইজি যান্ত্রিকীকরণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও সরিষা প্রক্রিয়াকরণ উপ-প্রকল্প | ২,৯৭,৫০০/- |
| | মোট | | | | ১১,৭০,০৫০/- |
| ৬ | বিয়ানীবাজার | সিলেট | ১২। সদরপুর সিআইজি ফসল সমবায় সমিতি লিমিটেড | পাওয়ার টিলার ব্যবহারের মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণে উদ্বুদ্ধকরণ ও সিআইজি'র আয় বৃদ্ধি উপ-প্রকল্প | ৯৪,৫০০/- |
| ৭ | গোলাপগঞ্জ | সিলেট | ১৩। দক্ষিণভাগ সিআইজি পুরুষ (ফসল) সমবায় সমিতি লিঃ | দক্ষিণভাগ সিআইজি সমিতির খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | ৩,৫৭,৭৬৩/- |

| ক্র/ নং | উপজেলা | জেলা | সিআইজি'র নাম | উপ-প্রকল্পের শিরোনাম | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বাবদ বরাদ্দকৃত অর্থের (টাকা) |
|---|---|---|---|---|---|
| ৮ | সদর | বগুড়া | ১৪। চরধনাই সিআইজি ধান চাষি সমবায় সমিতি লিমিটেড | কর্ষণ যন্ত্র ক্রয় ও খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন খরচ হ্রাসকরণ এবং বাণিজ্যিক চাষ ব্যবস্থা উন্নতকরণ শীর্ষক প্রকল্প | ১,৫৮,২০০/- |
| | | | ১৫। দাড়িয়াল সিআইজি আলু চাষি সমবায় সমিতি লিমিটেড | খামার যান্ত্রিকীকরণ এবং ফসল কর্তনোত্তর ক্ষতি হ্রাস, ভূ-উপরিস্থ সেচ সুবিধা সৃষ্টি ও উত্তম কর্ষণ ব্যবস্থার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | ২,৫৯,০০০/- |
| | | | ১৬। হাজরাদিঘী (জুম্মাপাড়া) সিআইজি সবজি চাষি সমবায় সমিতি লিমিটেড | খামার যান্ত্রিকীকরণ এবং ফসল কর্তনোত্তর ক্ষতি হ্রাস, ভূ-উপরিস্থ সেচ সুবিধা সৃষ্টি ও উত্তম কর্ষণ ব্যবস্থার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | ২,৫৯,০০০/- |
| | | | ১৭। লিলাইল সিআইজি ধান চাষি সমবায় সমিতি লিমিটেড | খামার যান্ত্রিকীকরণ এবং উত্তমরূপে জমি কর্ষণ ব্যবস্থা ও ফসল কর্তনোত্তর ক্ষতি কমানো শীর্ষক প্রকল্প | ২,৬২,৫০০/- |
| | মোট | | | | ৯,৩৮,৭০০/- |
| ৯ | কাহালু | বগুড়া | ১৮। মহেশপুর মহিলা সিআইজি ফসল সমবায় সমিতি লিমিটেড, | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি ও মাড়াই খরচ হ্রাসকরণ শীর্ষক উপ-প্রকল্প | ৩,৫০,০০০/- |
| ১০ | মিঠাপুকুর | রংপুর | ১৯। যাদবপুর সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি ও উৎপাদিত পণ্য পরিবহণের লক্ষ্যে যাদবপুর সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ এর কৃষি যন্ত্রপাতি ক্রয়করণ প্রকল্প | ২,৮৩,৫০০/- |
| | | | ২০। পূর্ব বড়বালা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পূর্ব বড়বালা মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতির কৃষি যন্ত্রপাতি ক্রয় উপ-প্রকল্প | ৩,৭৪,৫০০/- |
| | | | ২১। গিরাই সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গিরাই সিআইজি ফসল সমবায় সমিতির কৃষি যন্ত্রপাতি ক্রয় উপ-প্রকল্প | ৩,৮১,৫০০/- |
| | | | ২২। জয়রামপুর আনোয়ার কালিগঞ্জপাড়া সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | কৃষক পর্যায়ে ভার্মি কম্পোস্ট উৎপাদন ও বাজারজাতকরণের লক্ষ্যে জয়রামপুর আনোয়ার কালিগঞ্জপাড়া সিআইজি ফসল সমবায় সমবায় সমিতির উৎপাদন কারখানা নির্মাণ উপ-প্রকল্প | ২,৪৫,৭০০/- |
| | | | ২৩। বৈরাগীর কুঠি সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বৈরাগীর কুঠি সিআইজি সমবায় সমিতির কৃষি যন্ত্রপাতি ক্রয় উপ-প্রকল্প | ৩,২২,০০০/- |
| | | | ২৪। মাঝগ্রাম সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাঝগ্রাম সিআইজি সমবায় সমিতির কৃষি যন্ত্রপাতি ক্রয় উপ-প্রকল্প | ৩,৫৩,৫০০/- |
| | মোট | | | | ১৯,৬০,৭০০/- |
| ১১ | খানসামা | দিনাজপুর | ২৫। আরাজী যুগীর ঘোপা পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | ফসল সংগ্রহ ব্যবস্থা যান্ত্রিকীকরণের মাধ্যমে অপচয় ও ব্যয় হ্রাসকরণ উপ-প্রকল্প | ১,৬৮,০০০/- |
| ১২ | আটোয়ারী | পঞ্চগড় | ২৬। ত্রিশুলিয়া সিআইজি মহিলা (ফসল) সমবায় সমিতি | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে সিআইজি সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন উপ-প্রকল্প | ২,৯৭,৫০০/- |

| ক্র/ নং | উপজেলা | জেলা | সিআইজি'র নাম | উপ-প্রকল্পের শিরোনাম | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১৩ | লালপুর | নাটোর | ২৭। বেলগাছি সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কম খরচে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | ৯৮,৭০০/- |
| | | | ২৮। ভবানীপুর (মহিলা) সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কম খরচে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | ১,৩৩,৭০০/- |
| | | | ২৯। চন্ডিগাছা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | ৩,৮৫,০০০/- |
| | | | ৩০। গন্ডবিল সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | ৯৩,১০০/- |
| | | | ৩১। উধনপাড়া (মহিলা) সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | আধুনিক কৃষি যন্ত্র ব্যবহার করে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | ৮৭,৫০০/- |
| | | | ৩২। রামানন্দপুর সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | ১,৭৫,০০০/- |
| | | | ৩৩। ওয়ালিয়া পুর্বপাড়া সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ, | আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে অধিক ফসল উৎপাদন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | ২,৫২,০০০/- |
| | | | ৩৪। ফুলবাড়ি পুর্বপাড়া (মহিলা) সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ, | কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে কম খরচে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | ২,৯০,৫০০/- |
| | | | ৩৫। বিশ্বম্ভরপুর সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কম খরচে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | ২,২৪,০০০/- |
| | মোট | | | | **১৭,৩৯,৫০০/-** |
| ১৪ | সিংড়া | নাটোর | ৩৬। মহেশচন্দ্রপুর পুরুষ সিআইজি (ফসল) সমবায় সমিতি | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ প্রকল্প | **১,৩৩,০০০/-** |
| ১৫ | পাইকগাছা | খুলনা | ৩৭। ঢেমসাখালী সিআইজি কৃষি সমবায় সমিতি লিমিটেড | ঢেমসাখালী সিআইজির বাজার সংযোগ স্থাপন উপ-প্রকল্প | ৩,৮৭,১০০/- |
| | | | ৩৮। বাঁকা পুরুষ সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | বাঁকা পুরুষ সিআইজির বাজার সংযোগ স্থাপন উপ-প্রকল্প | ৩,৮৭,১০০/- |
| | | | ৩৯।দেবদুয়ার যুব সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | দেবদুয়ার যুব সিআইজির বাজার সংযোগ স্থাপন উপ-প্রকল্প | ৩,৮৭,১০০/- |
| | | | ৪০। মঠবাটী সিআইজি মহিলা সবজি দল সমবায় সমিতি লিমিটিড | মঠবাটী সিআইজি মহিলা সবজি দল সমবায় সমিতি খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি উপ-প্রকল্প | ১,৮৯,০০০/- |
| | | | ৪১। ফুলবাড়ি তরমুজ চাষী সিআইজি কৃষি সমবায় সমিতি লিমিটিড | ফুলবাড়ি তরমুজ চাষী সিআইজি কৃষি সমবায় সমিতি লিমিটিড এর খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি উপ-প্রকল্প | ২,৭৭,১০২/- |
| | মোট | | | | **১৬,২৭,৪০২/-** |

| ক্র/নং | উপজেলা | জেলা | সিআইজি'র নাম | উপ-প্রকল্পের শিরোনাম | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১৬ | কেশবপুর | যশোর | ৪২। ডি. কে. পুরুষ সিআইজি সমবায় সমিতি লিঃ | সিআইজি কর্তৃক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন ব্যয় হ্রাস ও কৃষি পণ্য পরিবহণ সহজীকরণ উপ-প্রকল্প | ৩,৪৭,২০০/- |
| ১৭ | শার্শা | যশোর | ৪৩। শ্যামলাগাছি মহিলা (ফসল) সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | শ্যামলাগাছি মহিলা সিআইজি খামার যান্ত্রিকীকরণ (পাওয়ার টিলার ও সিডার) উপ-প্রকল্প | ২,৮৭,০০০/- |
| | | | ৪৪। শ্যামলাগাছি পূর্বপাড়া (ফসল) সিআইজি কৃষি সমবায় সমিতি লিঃ | শ্যামলাগাছি পূর্বপাড়া সিআইজি খামার যান্ত্রিকীকরণ (পাওয়ার টিলার ও সিডার মেশিন) উপ-প্রকল্প | ১,৭৮,৫০০/- |
| | মোট | | | | ৪,৬৫,৫০০/- |
| ১৮ | ঝিকরগাছা | যশোর | ৪৫। বাকুড়া সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ | বাকুড়া সিআইজি ফসল সমবায় সমিতি লিঃ কর্তৃক "যান্ত্রিকীকরণের আওতায় উত্তম ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি উপ-প্রকল্প | ৩,৬১,২০০/- |
| ১৯ | মনিরামপুর | যশোর | ৪৬। দক্ষিণ লাউড়ী সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | ৩,৮৭,০০২/- |
| ২০ | তালা | সাতক্ষীরা | ৪৭। সবুজ বাংলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড | সবুজ বাংলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিমিটেড কর্তৃক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি উপ-প্রকল্প | ৩,৮৭,১০০/- |
| ২১ | সদর | সাতক্ষীরা | ৪৮। চাঁদপুর সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | চাঁদপুর সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ কর্তৃক উন্নত কৃষি যান্ত্রিকীকরণ প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি প্রকল্প | ৩,৮৭,১০০/- |
| | | | ৪৯। ভাদড়া সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ | ভাদড়া সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ কর্তৃক ক্ষুদ্র ও মাঝারি কৃষকদের মাঝে সাশ্রয়ী ভাড়াভিত্তিক যন্ত্রসেবা প্রদান উপ-প্রকল্প | ৩,৮৭,১০০/- |
| | মোট | | | | ৭,৭৪,২০০/- |
| | | | **সর্বমোট** | | **১,৩২,৪২,০১৭/-** |

**(টাকা এক কোটি বত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার সতের মাত্র)**

৩০.১০.২০১৮

(ড. রতন চন্দ্র দে)
পরিচালক
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
পিআইইউ-ডিএই, খামারবাড়ি, ঢাকা।